# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং-১৪.৩২.০০০০.০০৬.৩৬.০৫০.১৫.৫৫৯

তারিখঃ১৩/১২/২০১৫

## বায়োমেট্রিক্স ভেরিফিকেশন বাস্তবায়ন পরিকল্পনা

১। ভূমিকাঃ

মোবাইল ফোন গ্রাহকদের পরিচয় নিশ্চিতকল্পে জাতীয় পরিচয়পত্রের মাধ্যমে বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম স্থাপনের লক্ষ্যে গত ১৫ নভেম্বর, ২০১৫ তারিখে সীমিত পরিসরে "পাইলট প্রজেক্ট" গ্রহণ করা হয় এবং আগামী ১৬ ডিসেম্বর, ২০১৫ তারিখ হতে সারাদেশে উক্ত সিস্টেম বিস্তার করতঃ এর মাধ্যমে ভেরিফিকেশন কার্যক্রম চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম স্থাপন ও ভেরিফিকেশন পদ্ধতি সম্পর্কিত একটি নির্দেশনা কমিশন কর্তৃক ইতিমধ্যেই জারি করা হয়েছে (১৪.৩২.০০০০.০০৬.৩৬.০৫০.১৫.৫০১, তারিখঃ১১/১১/২০১৫)। এরই ধারাবাহিকতায় সারা দেশব্যাপী পরিচালিতব্য সুবিশাল এই কর্মযজ্ঞ সাবলীলভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট কার্যক্রমের সময়রেখা সম্বলিত বাস্তবায়ন পরিকল্পনা এতদসঙ্গে জারি করা হলো।

২। নতুন রেজিস্ট্রেশনঃ

আগামী ১৬ ডিসেম্বর, ২০১৫ হতে সকল গ্রাহককে বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম ব্যবহার করে রেজিস্ট্রেশনের মাধ্যমে নতুন সংযোগ ক্রয় করতে হবে। তবে ৩১ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত কারিগরি জটিলতার বিবেচনায় বায়োমেট্রিক্স ভেরিফিকেশন ব্যতীত বর্তমান প্রচলিত পদ্ধতিতে গ্রাহকের রেজিস্ট্রেশন করা যেতে পারে। সেক্ষেত্রে এ সকল গ্রাহকের প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করে রাখতে হবে এবং কারিগরি সমস্যা সমাধানের সাথে সাথে বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

৩। রি-এক্টিভেশন এবং রিপ্লেসমেন্টঃ

যে সকল গ্রাহকের সংযোগ দীর্ঘদিন অব্যবহারের ফলে ডিএক্টিভেটেড অবস্থায় আছে সে সকল সংযোগ (নিষেধাজ্ঞা আরোপিত সংযোগ ব্যতীত) পুনরায় চালু করতে হলে আগামী ০১ জানুয়ারী, ২০১৬ হতে বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম ব্যবহার করতে হবে। একই সময় হতে যে সকল গ্রাহক তাদের সংযোগ রিপ্লেসমেন্ট করবে তাদের প্রচলিত নিয়মনীতি মেনে সংযোগ রিপ্লেসমেন্ট এর পাশাপাশি বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম ব্যবহার করতে হবে।

৪। ভেরিফিকেশন ও রি-রেজিষ্ট্রেশনঃ

বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম এর মাধ্যমে রেজিস্টার্ড/ভেরিফিকেশনকৃত সংযোগ ব্যতীত অন্যান্য সংযোগ সমূহের ক্ষেত্রে আগামী ০১ জানুয়ারী, ২০১৬ হতে গ্রাহকগণ স্ব-উদ্যোগে ভেরিফিকেশন/রি-রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারেন। তবে নিম্নলিখিত পর্যায়ে বাধ্যতামূলকভাবে ভেরিফিকেশন/ রি-রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে-

- পর্যায়-০১ (০১ ফেব্রুয়ারী, ২০১৬ হতে ২৯ ফেব্রুয়ারী, ২০১৬)
  "বাল্ক ভেরিফিকেশন" এ গরমিল প্রাপ্ত সকল সংযোগ সমূহ; এবং বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম এর মাধ্যমে ভেরিফিকেশন সম্পন্ন হয় নাই এমন সংযোগ সমূহের অংশবিশেষ।

- পর্যায়-০২ (০১ মার্চ, ২০১৬ হতে ৩১ মার্চ, ২০১৬)
  "বাল্ক ভেরিফিকেশন" এ উত্তীর্ণ সকল সংযোগ সমূহ; এবং বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম এর মাধ্যমে ভেরিফিকেশন সম্পন্ন হয় নাই এমন সংযোগ সমূহের অংশবিশেষ।

- পর্যায়-০৩ (০১ এপ্রিল, ২০১৬ হতে ৩০ এপ্রিল, ২০১৬)
  বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম এর মাধ্যমে ভেরিফিকেশন সম্পন্ন হয় নাই এমন সকল সংযোগ সমূহ।

উপরোক্ত পর্যায়সমূহ অনুযায়ী সকল মোবাইল অপারেটর তার প্রযোজ্য গ্রাহকদের ভেরিফিকেশন/রি-রেজিস্ট্রেশন করার সময়কাল উল্লেখপূর্বক ব্যক্তিগত পর্যায়ে এসএমএস প্রেরণসহ এ সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি বিভিন্ন মাধ্যমে সুনির্দিষ্টভাবে প্রচার করবে।

৫। ডি-এক্টিভেশনঃ

০১ মে, ২০১৬ হতে যেকোনো গ্রাহকের সংযোগ স্বেচ্ছায় ডি-এক্টিভেশন এর ক্ষেত্রে বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম ব্যবহার করতে হবে।

৬। অন্যান্য অনুমোদিত পরিচয়পত্র বিষয়কঃ

বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেমের মাধ্যমে গ্রাহকদের সংযোগ রেজিস্ট্রেশন/ভেরিফিকেশন/রি-এক্টিভেশন/রি-রেজিস্ট্রেশন/রিপ্লেসমেন্ট/ডি-এক্টিভেশন ইত্যাদি ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ব্যবহার করা অপরিহার্য। তবে যুক্তিগ্রাহ্য কারণে কোন গ্রাহক জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত না হয়ে থাকলে তাকে পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স/জন্ম নিবন্ধন সনদের বিপরীতে ০৬(ছয়) মাসের জন্য সাময়িকভাবে সংযোগ প্রদান করা যেতে পারে যা নির্ধারিত সময়ের পর ডি-এক্টিভেট হয়ে যাবে যদি গ্রাহক উক্ত সময়ের মধ্যে তার জাতীয় পরিচয়পত্র সংগ্রহ করে উপস্থাপনে ব্যর্থ হয়।

সেই সাথে বর্তমান পদ্ধতির অনুরূপ প্রবাসী বাংলাদেশীদের ক্ষেত্রে পাসপোর্ট এবং বিদেশী নাগরিকদের ক্ষেত্রে তাদের পাসপোর্ট এবং বৈধভাবে কর্মরত বিদেশী নাগরিকদের ক্ষেত্রে বোর্ড অব ইনভেস্টমেন্ট কর্তৃক প্রদত্ত ওয়ার্ক পারমিট এর মাধ্যমে ভেরিফিকেশন কার্যক্রম পরিচালনা করা যেতে পারে।

তবে উভয় ক্ষেত্রেই উক্ত গ্রাহকের রেজিস্ট্রেশন/ভেরিফিকেশন/রি-এক্টিভেশন/রি-রেজিস্ট্রেশন/ রিপ্লেসমেন্ট/ডি-এক্টিভেশন ইত্যাদি বাধ্যতামুলকভাবে কেবলমাত্র অপারেটরের নিজস্ব বিক্রয় কেন্দ্র থেকে সম্পন্ন করতে হবে (রিটেইলার পর্যায়ে নয়)।

# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ ।


৭। বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সম্পর্কিত তথ্য প্রচারঃ

বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম সম্পর্কে বিস্তারিত তথ্য গ্রাহকদের অবগত ও উৎসাহিত করার জন্য সকল মোবাইল অপারেটর বিভিন্ন উপায়ে (প্রিন্ট মিডিয়া, ইলেক্ট্রনিকস মিডিয়া, ওয়েবসাইট, বিভিন্ন সোশ্যাল মিডিয়া) সুস্পষ্টভাবে বিজ্ঞাপন প্রচার করবে। এছাড়া অপারেটরের কাস্টমার কেয়ারসহ সকল পয়েন্ট অফ সেলস এবং রিটেইলার পর্যায়ে ব্যানার, পোস্টার, ফেস্টুন, লিফলেট, মাইকিং ইত্যাদির মাধ্যমে এ সংক্রান্ত সঠিক তথ্য গ্রাহকদের সুবিধার্থে স্ব-উদ্যোগে প্রকাশ করতে হবে। উপরন্তু গ্রাহকদের কার্যকরী সহায়তা প্রদানের লক্ষ্যে সার্বক্ষণিক হেল্পলাইন সেবার পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ এমদাদ উল বারী, এনডিসি,পিএসসি,টিই)
মহাপরিচালক
সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্রতিঃ (কার্যার্থে)

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, গ্রামীণফোন লিমিটেড।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ওরাসকম টেলিকম বাংলাদেশ লিমিটেড।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রবি আজিয়াটা লিমিটেড।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, এয়ারটেল বাংলাদেশ লিমিটেড।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লিমিটেড।
৬। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড।

অনুলিপিঃ

১। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
২। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব মহোদয়ের একান্ত সচিব।
৩। মহাপরিচালক, জাতীয় পরিচয়পত্র অনুবিভাগ।
৪। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন্স মনিটরিং সেন্টার।
৫। মহাসচিব, এসোসিয়েশন অফ মোবাইল টেলিকম অপারেটরস বাংলাদেশ (এমটব)।


ফোন ঃ +৮৮ ০২ ৯৬১১১১১, ফ্যাক্স ঃ +৮৮ ০২ ৯৫৫৬৬৭৭, ৯৫৬৭৭৫৫, ই-মেইল ঃ info@btrc.gov.bd, ওয়েব ঃ www.btrc.gov.bd